সংবাদ

তারিখ 3 FEB 2009
পৃষ্ঠা কলাম

## শিক্ষা প্রতিমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ

# চাকরি জাতীয়করণের দাবি বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির

নিজস্ব বার্তা পরিবেশক

চাকরি জাতীয়করণসহ অন্যান্য দাবি নিয়ে গত রোববার বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির এক প্রতিনিধি দল গণশিক্ষা প্রতিমন্ত্রী মোতাহার হোসেনের সঙ্গে আলোচনা করেন। আলোচনা শেষে প্রতিমন্ত্রী শিক্ষকদের দাবি পর্যালোচনা করে তা দ্রুত বাস্তবায়নের আশ্বাস দেন।

বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মো. সামসুল আলম ও মহাসচিব মৃগেন্দ্র মোহন সাহার নেতৃত্বে ৩২ সদস্যের প্রতিনিধিদল প্রতিমন্ত্রী মোতাহার হোসেনের সঙ্গে সাক্ষাৎ করেন গণশিক্ষা মন্ত্রণালয়কে। এসময় শিক্ষক নেতারা তাকে অভিনন্দন জানান এবং ক্রেস্ট প্রদান করেন।

আলোচনাকালে মোতাহার হোসেন বলেন, বেতন বৈষম্য দূর ও প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে শিগগিরই শিক্ষকদের সঙ্গে আলোচনা করে কর্মপন্থা প্রণয়নের মাধ্যমে তা বাস্তবায়ন করা হবে।

তিনি বলেন, কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনের আলোকে সমুদয় শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজানো হবে। এছাড়া শিক্ষা ক্ষেত্রে কোন ধরনের অনিয়ম মেনে নেয়া হবে না।